



## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এর সাথে পান্ডুলিপি লেখকদের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান



২৬ সেপ্টেম্বর ২০২১-রবিবার জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে পান্ডুলিপি লেখকদের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান উপাচার্যের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার ও উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম। জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উপ-পরিচালক সাইফুল ইসলামের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন গবেষণা(পরিচালক) অধ্যাপক ড. পরিমল বালা, রেজিস্ট্রার সহ আরো অনেকে।

উল্লেখ্য ৬ টি পান্ডুলিপি হচ্ছে সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক শিপ্রা সরকার রচিত 'বাংলাদেশের একটি গ্রাম: জাতিবর্ণ ব্যবস্থা', ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামাল রচিত 'বঙ্গবন্ধুর বাকশাল কর্মসূচি: কুরআন সুন্নাহর আলোকে একটি মূল্যায়ন', একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক ড. কাজী মোঃ নাসির উদ্দিন রচিত 'Taxation in Bangladesh', বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোছাঃ শামীম আরা রচিত 'মোহাম্মদ



মনিরুজ্জামানের কবিতা: বিষয় বৈচিত্র ও শিল্পরূপ', সংগীত বিভাগের সহকারী অধ্যাপক ড. আলী এফ এম রেজোয়ান রচিত 'রাগ-সন্দর্শন' এবং বাংলা বিভাগের অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস রচিত 'সাব-অল্টার্ন তত্ত্ব: উদ্ভব, বিকাশ ও প্রভাব'।